

## TLC-অনুমোদিত অস্থায়ী বিভাজক

COVID-19 মহামারি চলাকালীন, ট্যাক্সি ও লিমুজিন কমিশন (Taxi and Limousine Commission) বিভাজক ছাড়া সকল গাড়িগুলোতে অনুমোদিত বিভাজক ইনস্টলার দ্বারা অস্থায়ী বিভাজক স্থাপন করার অনুমতি প্রদান করেছে। প্রথাগত দিক থেকে, বিভাজকগুলোকে TLC-এর বিধিতে উল্লিখিত প্রযুক্তিগত শর্তসমূহ পূরণ করতে হতো। তবে, বুলেটপ্রুফ নয় এমন বিভাজক অনুমোদিত ইনস্টলার দ্বারা স্থাপন করার অনুমতি দেওয়ার জন্য বিধিনিষেধসমূহ অস্থায়ীভাবে শিথিল করা হচ্ছে।

অনুমোদিত বিভাজক ইনস্টলারদের একটি তালিকা পেতে অনুগ্রহ করে [এখানে](#) TLC-এর ওয়েবসাইট ভিজিট করুন। বিভাজকের মূল্য ও প্রাপ্যতা সম্পর্কে জানতে যাওয়ার পূর্বে অনুগ্রহ করে অনুমোদিত ইনস্টলারদের সাথে প্রথমে যোগাযোগ করা নিশ্চিত করুন। একজন অনুমোদিত ইনস্টলার দ্বারা বিভাজক স্থাপন করা হয়েছে তা প্রদর্শনের জন্য আপনার গাড়িতে স্থাপন সংক্রান্ত কাগজপত্রের অনুলিপি রাখতে আমরা উৎসাহিত করি।